দৈনিক সংবাদ

তারিখ 15 AUG 1987
পৃষ্ঠা ৮ কলাম ৫

২৯শে শ্রাবণ ১৩৯৪ বাং

50

## মানবিক কারণে পরীক্ষা পিছানোর আবেদন

রাজধানী ঢাকাসহ সারা দেশের বহু এলাকা আজ বন্যা কবলিত। লাখ লাখ মানুষ একটুখানি আশ্রয় থেকেও বঞ্চিত। বহু পরিবার দু'মুঠো ভাত আর একটু পানীয় জলের জন্য হাহাকার করছে। ঠিক এমন সময় ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী ১লা সেপ্টেম্বর থেকে বিভিন্ন মেডিক্যাল কলেজে প্রফেশনাল পরীক্ষাসমূহ অনুষ্ঠানের সময়সূচী ঘোষণা করেছে। এমতাবস্থায় মা-বাবা ভাই-বোনদেরকে বানের পানিতে ভাসিয়ে রেখে অনেকেরই পরীক্ষা দেয়া সম্ভব নয়।

তাই কর্তৃপক্ষের নিকট নিবেদন, প্রকৃত সমস্যা বিবেচনা করে মানবিক কারণে প্রফেশনাল পরীক্ষাসমূহ সেপ্টেম্বরের শেষ সপ্তাহে অথবা অক্টোবরের প্রথম সপ্তাহে অনুষ্ঠানের নতুন সময়সূচী শীঘ্রই ঘোষণা করে আমাদেরকে দুশ্চিন্তা মুক্ত করুন।

ইমরুল কায়েস,
৪র্থ বর্ষ এম, বি, বি, এস,
এহসানুল হক ৩য় বর্ষ এম, বি, বি, এস, দু'জন পরীক্ষার্থী,
ঢাকা মেডিক্যাল কলেজ।

মানবিক কারণে পরীক্ষা পিছানোর আবেদন

চিঠি। দৈনিক সংবাদ, ঢাকা। আগস্ট ১৫:৮

প্রসঙ্গ: মানবিক কারণে পরীক্ষা পিছানোর আবেদন। উল্লেখ্য করা মা-বাবা, ভাই বোনদের বানের পানিতে ভাসিয়ে রেখে অনেকেরই পরীক্ষা দেয়া সম্ভব হবে না।